

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. কোন ব্যক্তি পায়খানায় প্রবেশকালে যা বলবে

باب مَا يَقُولُ الرَّجُلُ إِذَا دَخَلَ الْخَلَاءَ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ مَرْزُوقٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ قَتَادَةَ، عَنِ النَّضْرِ بْنِ أَنَسٍ، عَنْ زَيْدِ بْنِ أَنَسٍ، عَنْ زَيْدِ بْنِ أَنَسٍ، عَنْ زَيْدِ بْنِ أَنَسٍ، عَنْ زَيْدِ بْنِ أَنْسٍ، عَنْ زَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ هَذِهِ الْحُشُوشَ مُحْتَضَرَةٌ، فَإِذَا أَتَى أَرْقَمَ، عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ هَذِهِ الْحُشُوشَ مُحْتَضَرَةٌ، فَإِذَا أَتَى أَحُدُكُمُ الْخَلَاءَ فَلْيَقُلْ: أَعُوذُ بِاللهِ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ ".

_ صحیح

বাংলা

৬। যায়িদ ইবনু আরক্কাম (রাঃ) সূত্র থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, সাধারণতঃ পায়খানার স্থানে শয়তান এসে থাকে। সুতরাং তোমাদের কেউ পায়খানায় প্রবেশকালে যেন বলেঃ ''আমি আল্লাহর কাছে শাইত্বান ও যাবতীয় অপবিত্রতা হতে আশ্রয় চাইছি।''[1]

সহীহ; ইবনু মাজাহ- ২৯৬।

English

Narrated Zayd ibn Arqam:

The Messenger of Allah (ﷺ) said: These privies are frequented by the jinns and devils. So when anyone amongst you goes there, he should say: "I seek refuge in Allah from male and female devils."

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশের সময় যা বলতে হয়, হাঃ ২৯৬), নাসায়ী 'আমলুল ইয়াওমি ওয়াল লায়লাহ' (অনুঃ পায়খানায় প্রবেশকালে যা বলতে হয়, হাঃ ৭৫, ৭৬) সহীহ ইবনু খুযাইমাহ



(অধ্যায়ঃ উযু, অনুঃ পায়খানায় প্রবেশকালে বিতাড়িত শয়তান থেকে আশ্রয় চাওয়া, হাঃ ৬৯), সহীহ ইবনু হিবান (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় প্রবেশকালে যা বলবে, হাঃ ১২৭), আহমাদ (৪/৩৬৯, ৩৭৩) তায়ালিসি মুসনাদ বায়হাকী 'সুনানুল কুবরা' (১/৯৬)। প্রত্যেকেই শু'বাহ সনদে কাতাদাহ্ থেকে নাযর ইবনু আনাস থেকে যায়দ সূত্রে। এ সানাদটি বুখারী ও মুসলিমের শর্ত মোতাবেক সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন